

৩৩

কারিগরি শিক্ষা পরিচালকের কক্ষে অপ্রীতিকর ঘটনা

(ইন্ডেফাক রিপোর্ট)

042

গত মঙ্গলবার শিক্ষাভবনে সকাল পৌনে ১১টার দিকে ভারপ্রাপ্ত কারিগরি শিক্ষা পরিচালক জনাব আবদুল করিম ভূঁইয়ার কক্ষে ঢুকিয়া ঢাকা বাণিজ্যিক মহাবিদ্যালয়ের কিছু সংখ্যক মারমুখী ছাত্র তাঁহার সহিত অশোভন আচরণ করে এবং উহাতে তাঁহাকে সামান্য ভাবে শারীরিক নির্যাতনের লিকার হইতে হয়। রমনা থানায় এ ব্যাপারে একটি মামলা দায়ের করা হইয়াছে।

এই ঘটনার প্রতিবাদ জানাইয়া কারিগরি শিক্ষা পরিদপ্তর ও পরিদপ্তরাধীন কর্মচারী সমিতির সভাপতি ও সম্পাদক এক বিবৃতি দিয়াছেন।

বাংলাদেশী কারিগরি ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক খন্দকার আবু নাসের ফারুক ও প্রচার সম্পাদক জনাব জানে আলম এই ঘটনার নিন্দা ও দোষীদের শাস্তি দাবী করেন। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রীয় ছাত্র সংসদের সহসভাপতিও এই ঘটনার জগ্ন দায়ীদের শাস্তি দাবী করিয়াছেন।